

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইঙ্গাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
ফ্যাক্স: ০২-৪১০৩০০৮৯, ওয়েবসাইট: [www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)  
ই-মেইল: ntrca2005@yahoo.com

বিজ্ঞপ্তি (ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশিত)

মাননীয় হাইকোর্টের রায়ের নির্দেশনামতে ১০ জানুয়ারি ২০১৯ তারিখে ২০১৬ সালের সহকারী শিক্ষক (কম্পিউটার) এর ১০৯৫টি শূন্য পদের বিপরীতে প্রার্থী নিয়োগের সুপারিশকরণের ফলাফল প্রকাশ করা হয়। উক্ত ফলাফল প্রকাশের পর যে সকল পদে প্রার্থী যোগদান করেনি বা পদ শূন্য রয়েছে সে সকল পদসমূহে প্রার্থী সুপারিশকরণের নিমিত্ত সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা, সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের স্বাক্ষরসহ প্রেরিত তথ্যের ভিত্তিতে, শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ সংখ্যক স্মারকের পরিপত্র, মাননীয় হাইকোর্টের ৯৭৭৭/২০১৬ এবং ৯৭৯০/২০১৬ মামলার রায় এবং প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটার পরিপত্র অনুসরণপূর্বক মেধাক্রম অনুযায়ী সহকারী শিক্ষক (কম্পিউটার) এর ৫৩২টি শূন্য পদের বিপরীতে ৫১৪টি পদে প্রার্থীদের নিয়োগের জন্য সুপারিশ করা হলো। অবশিষ্ট ১৮টি পদে মহিলা কোটার প্রার্থী না পাওয়ায় উক্ত ১৮টি পদে নিয়োগের জন্য সুপারিশ করা যায়নি।

প্রসঙ্গত উল্লেখ্য যে, নির্বাচিত প্রার্থীদের যোগদানে কোন অসুবিধার সৃষ্টি হলে অথবা যোগদানে কোন বাঁধার সম্মুখীন হলে সরাসরি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করে নিষ্পত্তি করতে হবে। জেলা শিক্ষা অফিসার কোন কারণে উক্ত সমস্যার নিষ্পত্তি করতে অপারগ হলে কেবলমাত্র সে সমস্যা অত্রাফিসকে অবহিত করবেন। শুধুমাত্র জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রাপ্ত আবেদন এ কার্যালয় কর্তৃক আমলে নেয়া হবে।

সদস্য (শিক্ষাত্মক ও শিক্ষামান)  
এনটিআরসিএ, ঢাকা।